


# যুগান্তর

## চুয়েটের ১১৪তম সিডিকেট

প্রকাশ : ২১ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) সিডিকেট কমিটির ১১৪তম সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সিডিকেটের চেয়ারম্যান ও চুয়েটের ভিসি অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম। সভায় সিডিকেট সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন চুয়েটের পুরকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রবিউল আলম, যন্ত্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. জামাল উদ্দিন আহম্মদ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার মো. আবদুল মান্নান, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মো. মাহমুদ-উল-হক, চুয়েটের ইন্সটিটিউট অব কোয়ালিটি অ্যাসিউরেন্স সেলের (আইকিউএসি) পরিচালক অধ্যাপক ড. মো. হযরত আলী, গবেষণা ও সম্প্রসারণ দফতরের পরিচালক অধ্যাপক ড. মো. সাইফুল ইসলাম, ইন্সটিটিউট অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশের প্রেসিডেন্ট প্রকৌশলী মো. আবদুস সবুর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের অধ্যাপক ড. সুলতান আহমেদ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য মেজর ইঞ্জিনিয়ার সামসুদ্দিন আহমেদ চৌধুরী (অবসরপ্রাপ্ত), চুয়েটের অধ্যাপক ড. রনজিত কুমার সূত্রধর এবং সিডিকেটের সচিব ও রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. ফারুক-উজ-জামান চৌধুরী। সভার শুরুতে সিডিকেটের নতুন সদস্য যন্ত্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. জামাল উদ্দিন আহম্মদকে ফুলেল শুভেচ্ছা জানিয়ে বরণ করে নেয়া হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।